

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং শাখা)  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০৬.১২- ৩৩৯

তারিখঃ- ১১ আশ্বিন ১৪২৪  
২৬ সেপ্টেম্বর ২০১৭

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা


বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় 'নার্সিং শিক্ষা ও সার্ভিসেস শক্তিশালীকরণ' শীর্ষক সমাপ্ত প্রকল্পের রাজস্বখাতে স্থানান্তরিত/সৃজনকৃত ৩৯০টি অস্থায়ী পদের মধ্যে ২৭৮টি পদ স্থায়ীকরণ প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে এ মন্ত্রণালয়ের ০৬-০৮-২০০৬ তারিখের স্বাপকম/নাসা/জনবল/রাজস্ব-০১/২০০৬/৩৪২ সংখ্যক আদেশে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় "নার্সিং শিক্ষা ও সার্ভিসেস শক্তিশালীকরণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের অস্থায়ী রাজস্ব বাজেটে স্থানান্তরিত ৩৯০টি পদের মধ্যে ০৫ ক্যাটাগরির নিয়োক্ত ২২ টি (বাইশ) পদ ০১-০৬-২০১৬ খ্রিঃ তারিখ হতে স্থায়ীকরণ করা হয়েছে এবং অবশিষ্ট ১৭ ক্যাটাগরির ৩৬৮টি পদের মধ্য হতে ৬ ক্যাটাগরির মোট ২৭৮টি পদ ০১-০৬-২০১৭ তারিখ হতে স্থায়ীকরণের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি:

ক্রমিক নং	পদ নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)
১	সহকারী অধ্যাপক	০১ (এক)	২৯০০০-৬৩৪১০/-
২	প্রভাষক (ইংরেজি)	০২ (দুই)	২২০০০-৫৩০৬০/-
৩	নার্সিং ইনস্ট্রাক্টর	১২১(একশত একুশ)	১৬০০০-৩৮৬৪০/-
৪	নার্সিং সুপারভাইজার	১৪৭ (একশতসাতচল্লিশ)	১৬০০০-৩৮৬৪০/-
৫	পরিসংখ্যানবিদ	০১ (এক)	১৬০০০-৩৮৬৪০/-
৬	কো-অর্ডিনেটর	০৬ (ছয়)	১৬০০০-৩৮৬৪০/-
	মোট=	২৭৮ (দুইশত আটাত্তর)	

২। এ বাবদ ব্যয়ভার নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর সংশ্লিষ্ট কোড নম্বরের বিপরীতে নির্বাহ হবে।


৩। এ আদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-০৪-২০১৭ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৫৯.০০.০০৬.৯৮ (অংশ-২)-৭৩ সংখ্যক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২০-০৮-২০১৭ খ্রিঃ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০০.০৫.২০০০-৩৮২ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিসহ সকল আনুষ্ঠানিকতা পালন করে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে জারি করা হলো।

  
(রোকেয়া খাতুন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০৬.১২- ৩৩৯/১৫

তারিখঃ- ১১ আশ্বিন ১৪২৪  
২৬ সেপ্টেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪ (চার) কপি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখায় প্রেরণ করা হলো। তন্মধ্যে ০১ (এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট এবং ০১ (এক) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
(রোকেয়া খাতুন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৭৭৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০১ (এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

উপ-সচিব  
ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০৬.১২-৬৬৯/২(২৫)

তারিখঃ- ১১ আশ্বিন ১৪২৪  
২৬ সেপ্টেম্বর ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ অতিরিক্ত সচিব, সওব্যা)।
- ২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিভিল সার্জন .....
- ৮। অধ্যক্ষ, নার্সিং কলেজ .....
- ৯। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা .....
- ১১। ইনস্ট্রাক্টর ইন-চার্জ, সেবা ইনস্টিটিউট .....
- ১২। অতিরিক্ত সচিব ( নার্সিং ও মিডওয়াইফারি)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। গার্ড ফাইল।

✓  
২৬.৯.১৭  
(রোকেয়া খাতুন)  
সিনিয়র সহকারী সচিব